অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/26/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল স্কুল-বয়সী তরুণ-তরুণীদের মানসিক স্বাস্থ্য বিষয়ে সচেতনতা বাড়াতে মাল্টি-এজেন্সি সহযোগিতার ঘোষণা দিয়েছেন

শিক্ষার্থীদের মানসিক স্বাস্থ্য বিষয়ে সহায়তা করার জন্য শিক্ষাবিদদের রিসোর্স সরবরাহ করতে মেন্টাল হেলথ অফিস এবং শিক্ষা বিভাগ স্টেট পাবলিক মিডিয়ার সাথে অংশীদারিত্ব করে

নিউ ইয়র্কে যুব মানসিক স্বাস্থ্য সংকট মোকাবেলায় গভর্নরের পরিপূরক উদ্যোগগুলো; আত্মহত্যা প্রতিরোধ মাসে মাল্টি-মিডিয়া টুলকিট প্রকাশ করা করেছে

গভর্নর ক্যাথি হোকল আজ নিউ ইয়র্ক PBS স্টেশনগুলোর সাথে একটি মাল্টি-এজেন্সি সহযোগিতার ঘোষণা দিয়েছেন প্রিকিন্ডারগার্টেন-গ্রেড 12 শিক্ষাবিদদের রিসোর্স এবং কৌশলগুলোর মাধ্যমে সজ্জিত করার জন্য যাতে তারা তাদের শিক্ষার্থীদের মানসিক সুস্থতা সমর্থন করতে তার উপর নির্ভর করতে পারে। স্টেট অফিস অব মেন্টাল হেলথ এবং স্টেট এডুকেশন এর সহায়তায় WNET গ্রুপ কর্তৃক উৎপাদিত শিক্ষার্থীদের মানসিক স্বাস্থ্য গুরুত্বপূর্ণ: শিক্ষাবিদদের জন্য একটি টুলকিট তরুণ-তরুণীদের মানসিক স্বাস্থ্যের জন্য নির্দিষ্ট বিষয়গুলোকে উল্লেখ করে অনলাইনে বিনামূল্যে উপলভ্য এবং 50টিরও বেশি ডিজিটাল ভিডিও সরবরাহ করে।

"আমাদের স্টেটে তরুণ-তরুণীদের মানসিক স্বাস্থ্য সংকট মোকাবেলায় নিউ ইয়র্কের শিক্ষাবিদরা আমাদের প্রচেষ্টার অগ্রভাগে রয়েছেন," **গভর্নর হোকল বলেন।** "পাবলিক ব্রডকাস্টিং এবং নিউ ইয়র্ক স্টেটের মধ্যে এই অনন্য অংশীদারিত্ব তাদের রিসোর্স এবং কৌশলগুলো সরবরাহ করবে যেগুলো তারা আমাদের স্টেট জুড়ে স্কুলে এবং শ্রেণীকক্ষে উদ্ভূত শিক্ষার্থীদের মানসিক স্বাস্থ্য বিষয়ে সমস্যাগুলোর সমাধান করতে সাহায্য করতে ব্যবহার করতে পারে।"

নিউ ইয়র্ক স্টেটে আত্মহত্যা প্রতিরোধ মাসের স্বীকৃতি হিসেবে চালু করা হয়েছিল এবং 10 অক্টোবর বিশ্ব মানসিক স্বাস্থ্য দিবসে, টুলকিটটি শিক্ষাবিদ, স্কুল স্টাফ এবং স্কুল-ভিত্তিক মানসিক স্বাস্থ্য বিষয়ে পেশাদারদের তাদের শিক্ষার্থীদের মানসিক সুস্থতা সমর্থন করার জন্য প্রয়োজনীয় গুরুত্বপূর্ণ জ্ঞান এবং কৌশলগুলো দিয়ে সজ্জিত করার জন্য ডিজাইন করা হয়েছে। মানসিক স্বাস্থ্য বিষয়ে প্রযুক্তি স্থানান্তর কেন্দ্র নেটওয়ার্ক (Mental Health Technology Transfer Center Network), ন্যাশনাল সেন্টার ফর স্কুল মেন্টাল হেলথ (National Center for School Mental Health), চাইল্ড মাইন্ড ইনস্টিটিউট (Child Mind Institute) এবং অন্যান্য পাবলিক মিডিয়া স্টেশন ছাড়াও পাবলিক হেলথ স্টেট অফিস এবং স্টেট শিক্ষা বিভাগের সহায়তায় –টুলকিটটি

WNET গ্রুপ-নিউ ইয়র্কের ফ্ল্যাগশিপ স্টেশন থার্টিনের অলাভজনক প্যারেন্ট কোম্পানি কর্তৃক তৈরি করা হয়েছে।

টুলকিটটি নিম্নোক্ত পাঁচটি স্বতন্ত্র বিষয়ের উপর ফোকাস করে যা প্রাথমারি এবং সেকেন্ডারি শিক্ষাবিদরা প্রায়শই শিক্ষার্থীদের মাঝে মোকাবেলা করেন: আত্মহত্যা প্রতিরোধ, চাপ এবং উদ্বেগ, আত্ম-হানি, প্রতিকূল শৈশব অভিজ্ঞতা এবং সামাজিক মিডিয়া। প্রতিটি বিষয়ের মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে মানসিক স্বাস্থ্য বিষয়ে পেশাদার, স্কুল প্রশাসক এবং শিক্ষাবিদদের কাছ থেকে বিশেষজ্ঞ দৃষ্টিতে ছোট ভিডিও শিক্ষকদের এই চ্যালেঞ্জগুলোকে আরো ভালোভাবে বুঝতে সাহায্য করার লক্ষ্যে; শিক্ষার্থীদের দৃষ্টিতে বাস্তব অভিজ্ঞতা প্রকাশ এবং শিক্ষকদের অনুশীলনের জন্য বাস্তব-বিশ্বের অ্যাপ্লিকেশন প্রদানের কৌশল।

টুলকিটটি PBS লার্নিং মিডিয়া (LearningMedia) এর মাধ্যমে নিউ ইয়র্কের সকল শিক্ষাবিদদের কাছে বিনামূল্যে উপলভ্য যা PBS স্টেশন এবং তাদের অংশীদারদের থেকে শিক্ষাবিদদের রিসোর্সে প্রবেশাধিকার প্রদান করে। সমগ্র নিউ ইয়র্ক স্টেটে প্রায় 70,000 শিক্ষাবিদ শ্রেণীকক্ষের নির্দেশনা পরিপূরক করতে প্রতি মাসে এই রিসোর্সগুলোতে প্রবেশ করেন।

গভর্নর হোকল অর্থবছর 2023 বাজেটের অংশ হিসাবে টুলকিটের জন্য তহবিল অন্তর্ভুক্ত করেছেন। 300,000 মার্কিন ডলার যুক্ত ট্রমা অবহিত কেয়ার, থেরাপিউটিক ক্রাইসিস ইন্টারভেনশন এবং আত্মহত্যা প্রতিরোধের মাধ্যমে শিক্ষার্থীদের মানসিক স্বাস্থ্যের উন্নতির জন্য OMH এর সাথে পরামর্শ করে শিক্ষা রিসোর্স উন্নয়নের জন্য নির্ধারণ করা হয়েছিল।

নিউ ইয়র্ক স্টেট অফিস অব মেন্টাল হেলথ কমিশনার ডা. অ্যান সুলিভান বলেন, “আজকের আমাদের শিশুদের মানসিক স্বাস্থ্য বিষয়ে চ্যালেঞ্জ মোকাবেলা এবং পরবর্তী জীবনে তাদের মানসিক সুস্থতার উন্নতির মধ্যে একটি সুস্পষ্ট সংযোগ আছে। এই চ্যালেঞ্জগুলো শনাক্ত করার জন্য শিক্ষাবিদদের রিসোর্স সরবরাহ করার মাধ্যমে, আমরা তাদের শিক্ষার্থীদের সমর্থন করার কৌশল তৈরি করতে এবং প্রয়োজনে তাদের অন্যান্য মানসিক স্বাস্থ্য বিষয়ে সহায়তার সাথে সংযুক্ত করতে সাহায্য করতে পারি। নিউ ইয়র্ক স্টেট এবং পাবলিক ব্রডকাস্টিং এর মধ্যে এই অংশীদারিত্ব নিউ ইয়র্ক স্টেটে তরুণ-তরুণীদের মানসিক স্বাস্থ্য মোকাবেলায় গভর্নর হোকলের অব্যাহত প্রচেষ্টাকে পরিপূরক করে।”

নিউ ইয়র্ক স্টেটের শিক্ষা বিভাগের কমিশনার বেটি এ. রোসা বলেন, “নিউ ইয়র্কের সকল শিক্ষার্থীদের জন্য মানসিক স্বাস্থ্যের রিসোর্সগুলো সহজলভ্য ও অ্যাক্সেসযোগ্য করার জন্য আমাদের অবশ্যই একসাথে কাজ করতে হবে। মানসিক স্বাস্থ্যের সমস্যাগুলো শিক্ষার্থীদের শেখার ও ব্যক্তিগত বৃদ্ধির চ্যালেঞ্জগুলো কার্যকরভাবে নেভিগেট করার জন্য প্রয়োজনীয় মানসিক নমনীয়তা ও স্থিতিশীলতা অর্জনের ক্ষমতার সাথে সরাসরি সংযুক্ত। গভর্নর হোকলের নেতৃত্বে আমাদের অংশীদার সংস্থাগুলোর সংযোগিতায়, আমরা এই সমস্যাটিকে সামনের লাইনে রাখতে পারি এবং আমাদের শিক্ষার্থীরা যেসব মানসিক স্বাস্থ্যের চ্যালেঞ্জগুলোর মুখোমুখি হচ্ছে তা মোকাবেলা করার জন্য আমাদের শিক্ষাবিদদের প্রয়োজনীয় সরঞ্জাম সংরবরাহ করতে পারি।”

নিউ ইয়র্ক স্টেট বোর্ড অব রিজেন্টসের চ্যান্সেলর লেস্টার ডব্লিউ. ইয়ং জুনিয়র বলেন, "আমাদের শিক্ষার্থীদের মানসিক স্বাস্থ্য সহায়তায় শিক্ষাবিদগণ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে। তারা নিশ্চিত করে যে স্কুল ও শ্রেণীকক্ষগুলো নিরাপদ ও সহায়ক শিক্ষার পরিবেশ যা শিক্ষার্থীদের কল্যাণকে উৎসাহিত করে। এই অংশীদারিত্ব ও বিনামূল্যের অনলাইন টুলকিট শিক্ষার্থীদের মানসিক স্বাস্থ্যকে সহায়তা করার এবং শ্রেণীকক্ষের ভিতরে ও বাইরে উভয়ক্ষেত্রেই তাদের সফল হতে সহায়তা করার একটি উদ্ভাবনী উপায়।"

WNET গ্রুপের প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা নিল শাপিরো বলেন, "আমরা আমাদের শিক্ষার্থীদের এই জটিল মানসিক স্বাস্থ্যের সমস্যাগুলো মোকাবেলায় শিক্ষাবিদদের সহায়তা করার গুরুত্ব স্বীকার করি এবং আমরা গভর্নর হোকল, মেন্টাল হেলথ অফিস ও স্টেট শিক্ষা বিভাগের সাথে কাজ করতে পেরে আনন্দিত। আমাদের তৈরি সুদূরপ্রসারী টুলকিটটি ডকুমেন্টারি ও শ্রেণীকক্ষের ফুটেজ, প্যানেল আলোচনা এবং শিক্ষার্থীদের কণ্ঠস্বরসহ 50টিরও বেশি ভিডিও-ভিত্তিক রিসোর্স ও সহায়তা উপকরণ প্রদান করে। স্টেট জুড়ে নিউ ইয়র্ক পাবলিক মিডিয়া স্টেশনগুলোর পাশাপাশি আমরা মানসিক স্বাস্থ্যে সচেতনতা বৃদ্ধির জন্য স্থানীয় কমিউনিটির রিসোর্সগুলোকে হাইলাইট করে এক সপ্তাহের বিশেষ প্রোগ্রামিং ও সংবাদ কভারেজ সম্প্রচার করব।"

গভর্নর হোকল তরুণ-তরুণীদের মানসিক স্বাস্থ্যকে তার প্রশাসনের মূল বিষয়ে পরিণত করছেন এবং নিউ ইয়র্ক স্টেটের মানসিক স্বাস্থ্য সেবা ব্যবস্থা সংস্কারের জন্য তার 1 বিলিয়ন মার্কিন ডলারের ঐতিহাসিক পরিকল্পনার একটি গুরুত্বপূর্ণ উপাদান হিসেবে এটি অন্তর্ভুক্ত করেছেন। মে মাসে গৃহীত অর্থবছর 2024 বাজেটে স্টেটব্যাপী স্কুল বয়সী শিশুদের জন্য মানসিক স্বাস্থ্য সেবা সম্প্রসারণ করার জন্য তিনি 30 মিলিয়ন মার্কিন ডলারও প্রদান করেন, যার মধ্যে রয়েছে স্কুল ভিত্তিক মানসিক স্বাস্থ্য সেবার জন্য 20 মিলিয়ন মার্কিন ডলার এবং র‍্যাপঅ্যারাউন্ড পরিষেবা প্রশিক্ষণ বাস্তবায়ন করতে 10 মিলিয়ন মার্কিন ডলার।

বাজেটটি বীমা কভারেজের অসঙ্গতিগুলো বন্ধ করে দেয় যা নিউ ইয়র্কবাসীদের মানসিক স্বাস্থ্য সেবা ও মাদক ব্যবহারের ব্যাধি পরিষেবাগুলোতে প্রয়োজনে বাধা সৃষ্টি করেছে। বেশ কিছু উল্লেখযোগ্য পরিবর্তনের মধ্যে, স্কুল-ভিত্তিক মানসিক স্বাস্থ্য পরিষেবাগুলোতে প্রদত্ত পরিষেবাগুলো কভার করার জন্য বাণিজ্যিক বীমা পরিকল্পনা বাধ্যতামূলক হবে।

গভর্নর হোকল তরুণ-তরুণীদের মানসিক স্থাস্থ্যের বিষয়ে একটি লিসেনিং ট্যুর ও তরুণ-তরুণীদের মানসিক স্থাস্থ্যে উপর প্রথমবারের মতো শীর্ষ সম্মেলনেরও আয়োজন করেছিলেন, যা আজকে অনেক তরুণ-তরুণী যে অভূপূর্ব চ্যালেঞ্জের মুখোমুখি হচ্ছে তা পরীক্ষা করার জন্য , পরিষেবা প্রদানকারী ও স্টোকহোল্ডারগণের পাশাপাশি স্টেট ও জাতীয় বিশেষজ্ঞদের একত্রিত করেছিল। ট্যুর ও সামিট থেকে উদ্‌ভুত সুপারিশগুলোর মধ্যে ছিল মানসিক সুস্থ্যতা প্রচারের জন্য কমিউনিটি-ভিত্তিক রিসোর্সগুলোতে বিনিয়োগ করা এবং বিনামূল্যে বা কম খরচে মানসিক স্থাস্থ্যের রিসোর্সগুলো বৃদ্ধি করা।

এই বছরের শুরুতে, ইউ.এস. সেন্টার ফর ডিজিজ কন্ট্রোল তার ইয়ুথ রিস্ক বিহেভিয়ার সার্ভে প্রকাশ করেছে, যা স্কুল-বয়সী তরুণ-তরুণীদের মধ্যে উদ্বেগজনক মানসিক স্বাস্থ্যের প্রবণতা খুঁজে পেয়েছে 2011 ও 2021 এর মধ্যে – বিশেষ করে কিশোরী মেয়েদের মধ্যে। প্রায় এক

তৃতীয়াংশ কিশোরী 2021 সালে আত্মহত্যার চেষ্টাকে গুরুত্বের সাথে বিবেচনা করেছে, যা আগের দশকের 19 শতাংশ থেকে বৃদ্ধি পেয়েছে; 2021 সালে প্রতি পাঁচজনের মধ্যে তিনজন ক্রমাগত দু:খিত বা হতাশ বোধ করেছিল, যা কিশোর ছেলেদের হারের দ্বিগুণ ছিল এবং 2011 সালে রেকর্ড করা হারের তুলনায় প্রায় 60 শতাংশ বৃদ্ধি হিসেবে দেখা যায়।

প্রতিবেদনে আরো দেখা গেছে যে প্রান্তিক জনসংখ্যার তরুণ-তরুণীদের মানসিক স্বাস্থ্য সংক্রান্ত সমস্যা বেশি হওয়ার সম্ভাবনা রয়েছে: LGBTQ+ শিক্ষার্থীদের অর্ধেকেরও বেশি খারাপ মানসিক স্বাস্থ্যের কথা জানিয়েছেন, গত বছরে পাঁচজনের মধ্যে একজন আত্মহত্যার চেষ্টা করেছে বলে রিপোর্ট করা হয়েছে। প্রতিবেদনে বলা হয়েছে, শ্বেতাঙ্গ তরুণ-তরুণীদের তুলনায় কৃষ্ণাঙ্গ তরুণ-তরুণীদের মধ্যে আত্মহত্যার প্রচেষ্টাও বৃদ্ধি পেয়েছে।

WNET গ্রুপের পরিচিতি
WNET গ্রুপ দেশব্যাপী বিভিন্ন শ্রোতাদের জন্য অনুপ্রেরণামূলক মিডিয়া কনটেন্ট ও প্রাসঙ্গিক অভিজ্ঞতা তৈরি করে। এটি নিউ ইয়র্কের THIRTEEN – আমেরিকার ফ্ল্যাগশিপ PBS স্টেশন – WLIW21, THIRTEEN PBSKids, WLIW World এবং Create এর কমিউনিটি-সমর্থিত হোম; NJ PBS, নিউ জার্সির স্টেটব্যাপী পাবলিক টেলিভিশননেট ওয়ার্ক; – লং আইল্যান্ডের একমাত্র NPR স্টেশন WLIW-FM; ALL ARTS, শিল্প ও সংস্কৃতি মিডিয়া প্রদানকারী; নিউজরুম NJ স্পটলাইট নিউজ; ও FAST চ্যানেল PBS নেচার। এই চ্যানেল ও স্ট্রিমিং প্ল্যাটফর্মগুলোর মাধ্যমে, WNET গ্রুপ প্রতি মাসে 5 মিলিয়নেরও বেশি দর্শকদের কাছে শিল্প, সংস্কৃতি, শিক্ষা, সংবাদ, ডকুমেন্টারি, বিনোদন ও DIY প্রোগ্রামিং নিয়ে আসে।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন